25

দৈনিক সংবাদ

তারিখ 29 SEP 1996
পৃষ্ঠা ১ কলাম ৭

# অর্থ বরাদ্দ হয়নি জেলা পর্যায়ে গ্রন্থ সপ্তাহ অনিশ্চিত

॥ সালাম জুবায়ের ॥

আগামী জানুয়ারিতে (১৯৯৭) দেশের ৬৪টি জেলা শহরে জাতীয় গ্রন্থ সপ্তাহ পালনের জন্য চলতি অর্থবছরে (১৯৯৬–৯৭) কোন অর্থ বরাদ্দ দেয়া হয়নি। ১লা থেকে ৭ই জানুয়ারি পর্যন্ত প্রতিটি জেলা শহরে এই গ্রন্থ সপ্তাহ পালন করা হয়। এ উপলক্ষে প্রত্যেক জেলা শহরে জেলা প্রশাসনের তত্ত্বাবধানে সপ্তাহব্যাপী গ্রন্থমেলাসহ বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়।

গত অর্থবছরে (১৯৯৫–৯৬) এই খাতে ১৭ লাখ ৪৮ হাজার টাকা দেয়া হয়েছিল। চলতি অর্থবছরে কোন অর্থ বরাদ্দ না

অনিশ্চিত ঃ পৃঃ ১১ কঃ ৫

## অনিশ্চিত ঃ গ্রন্থ সপ্তাহ

(১ম পৃষ্ঠার পর)

থাকায় ৬৪টি জেলায় জাতীয় গ্রন্থ সপ্তাহ পালনের বিষয়টি অনিশ্চিত হয়ে পড়েছে।

১৯৯১ সালে বিএনপি সরকার ক্ষমতায় আসার পর ১৯৯৪ সালের ১লা জানুয়ারি জাতীয় গ্রন্থমেলা উদ্বোধন করতে গিয়ে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া প্রতিবছর ১লা জানুয়ারি জাতীয় গ্রন্থ দিবস ও ১লা থেকে ৭ই জানুয়ারি পর্যন্ত সারাদেশে গ্রন্থ সপ্তাহ পালনের ঘোষণা দেন। এ উপলক্ষে ১লা থেকে ৭ই জানুয়ারি পর্যন্ত ৬৪টি জেলা শহরে গ্রন্থমেলার আয়োজন করা হবে বলে তিনি উল্লেখ করেন। দেশের সাধারণ মানুষের মধ্যে বই পাঠের অভ্যাস গড়ে তোলার ক্ষেত্রে এই কার্যক্রম কার্যকর অবদান রাখবে বলে সবাই অভিমত দেন। এরপর ১৯৯৫ এবং ১৯৯৬ সালের ১লা থেকে ৭ই জানুয়ারি পর্যন্ত এসব কর্মসূচি অত্যন্ত সাফল্যের সাথে পালন করা হয়। পাশাপাশি রাজধানীতে ১লা থেকে ১৫ই জানুয়ারি পর্যন্ত পক্ষকালব্যাপী ঢাকা গ্রন্থমেলার আয়োজন করা হয়।

গত দু'বছর গ্রন্থ সপ্তাহ পালনের জন্য জাতীয় গ্রন্থ কেন্দ্র থেকে জেলা প্রশাসনকে নগদ অর্থ প্রদান করা হয়। সে অর্থ দিয়েই জেলা শহরের গ্রন্থমেলার খরচ মিটানো হয়। কারণ গ্রন্থমেলা আয়োজনের জন্য জেলা প্রশাসনের আলাদা কোন বাজেট নেই।

১৯৯৬ সালের ১লা থেকে ৭ই জানুয়ারি পর্যন্ত জেলা শহরে গ্রন্থ সপ্তাহ পালনের জন্য ৪টি বিভাগীয় শহরকে ৪২ হাজার টাকা করে, ১৪টি বড় জেলা শহরকে ৩০ হাজার ৫শ' টাকা করে এবং বাকি ২৫টি জেলা শহরকে ২৫ হাজার টাকা করে দেয়া হয়। সবমিলিয়ে ৬৪টি জেলাকে ১৭ লাখ ৪৮ হাজার টাকা দেয়া হয়েছে। কিন্তু আগামী জানুয়ারিতে গ্রন্থ সপ্তাহে জেলাগুলোকে দেয়ার মতো কোন টাকা গ্রন্থকেন্দ্রের হাতে নেই।

সম্প্রতি জাতীয় গ্রন্থ সপ্তাহ পালন উপলক্ষে গঠিত একটি কমিটির বৈঠকে এই মর্মে সিদ্ধান্ত নেয়া হয়েছে যে, এবার জেলা প্রশাসকদের অনুরোধ করা হবে নিজস্ব উদ্যোগে অর্থ সংগ্রহ করে গ্রন্থ সপ্তাহ পালনের জন্য।

এ ব্যাপারে জানতে চাইলে জাতীয় গ্রন্থকেন্দ্রের একজন কর্মকর্তা বলেন, গতবছর গ্রন্থ উন্নয়ন প্রকল্পের বাজেট থেকে জেলা শহরে গ্রন্থ সপ্তাহ পালনের জন্য টাকা দেয়া হয়েছিল। চলতি বছর গ্রন্থ উন্নয়ন প্রকল্প নামে কোন প্রকল্প নেই। তবে সংশোধিত বাজেটে অন্তর্ভুক্তির গ্রন্থ উন্নয়ন প্রকল্প সংস্কৃতি মন্ত্রণালয়ে জমা দেয়া হয়েছে। সে প্রকল্প গৃহীত হলে জেলা শহরে টাকা দেয়া সম্ভব হবে।